# আল-গাশিয়া | Al-Ghashiya | ٱلْغَاشِيَة

আয়াতঃ ৮৮ : ২০

## আরবি মূল আয়াত:

وَ اِلَى الۡاَرۡضِ كَيۡفَ سُطِحَتۡ ﴿٢٠﴾

## অনুবাদসমূহ:

আর যমীনের দিকে, কীভাবে তা বিস্তৃত করা হয়েছে? — আল-বায়ান

আর যমীনের দিকে, কীভাবে তাকে বিছিয়ে দেয়া হয়েছে? — তাইসিরুল

এবং ভূতলের দিকে যে, কিভাবে ওটাকে সমতল করা হয়েছে? — মুজিবুর রহমান

And at the earth - how it is spread out? — Sahih International

### ২০. এবং ভূতলের দিকে, কিভাবে তা বিস্তৃত করা হয়েছে?(১)

(১) কেয়ামতের অবস্থা এবং মুমিন ও কাফেরের প্রতিদান এবং শাস্তি বর্ণনা করার পর কেয়ামতে অবিশ্বাসী হঠকারীদের পথপ্রদর্শনের জন্যে আল্লাহ্ তা'আলা তাঁর কুদরতের কয়েকটি নিদর্শন সম্পর্কে চিন্তাভাবনা করার কথা বলেছেন। [ইবন কাসীর; ফাতহুল কাদীর] আল্লাহর কুদরতের নিদর্শন আকাশ ও পৃথিবীতে অসংখ্য। এখানে মরুচারী আরবদের অবস্থার সাথে সামঞ্জস্যশীল চারটি নিদর্শনের উল্লেখ করা হয়েছে। আরবরা উটে সওয়ার হয়ে দূর-দূরান্তের সফর করে। তখন তাদের সর্বাধিক নিকটে থাকে উট, উপরে আকাশ, নিচে ভূপৃষ্ঠ এবং অগ্র-পশ্চাতে সারি সারি পর্বতমালা। এই চারটি বস্তু সম্পর্কেই তাদেরকে চিন্তা-ভাবনা করার আদেশ দেয়া হয়েছে। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

### ২০। এবং ভূতলের দিকে যে, কিভাবে ওটাকে সমতল করা হয়েছে?[1]

[1] কেমনভাবে তাকে সমতল বানিয়ে মানুষের বসবাসের উপযোগী করা হয়েছে। তাতে মানুষ চলা-ফেরা ও কাজ-কারবার করে এবং আকাশ-চুম্বি উচ্চ অট্টালিকা নির্মাণ করে থাকে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5987

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন